ইউপি নির্বাচন নিয়ে ৫৫ দলের সঙ্গে সংলাপে বসছে ইসি



ছবি: সংগৃহীত

ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করতে দেশের ৫৫টি রাজনৈতিক দলের সঙ্গে মতবিনিময়ের উদ্যোগ নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী ২৯ নভেম্বর থেকে ১ ডিসেম্বর পর্যন্ত তিন দিন এ সংলাপ চলবে।

ইসি সচিবালয়ের পরিচালক (জনসংযোগ) ও তথ্য প্রদানকারী কর্মকর্তা মো. আব্দুল মমিন সরকার জানান, তিন দিনে ৫৫টি রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করবে কমিশন। ২৯ নভেম্বর প্রথম দিনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও বাংলাদেশ জামায়াতে ইসলামীসহ ১৯টি দলের সঙ্গে আলোচনা হবে। অন্য দলগুলোর সঙ্গে ৩০ নভেম্বর ও ১ ডিসেম্বর সংলাপ অনুষ্ঠিত হবে।

সুষ্ঠু নির্বাচন আয়োজনের জন্য রাজনৈতিক দলগুলোর সহযোগিতা চাওয়া হবে বলে জানিয়েছেন ইসি সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ।

এদিকে পাঁচ ধাপে দেশের ৫০৮টি উপজেলার ৪ হাজার ৩৩২টি ইউনিয়ন পরিষদে ভোট আয়োজনের পরিকল্পনা করেছে কমিশন। সম্প্রতি ইসির ওয়েবসাইটে ধাপ অনুযায়ী ভোটের তারিখ ও ইউনিয়ন পরিষদের তালিকা প্রকাশ করা হয়েছে।

প্রকাশিত সূচি অনুযায়ী, প্রথম ধাপে ১২৭টি উপজেলার ১ হাজার ৪২টি ইউপিতে নির্বাচন হবে। দ্বিতীয় ধাপে ১২৫টি উপজেলার ১ হাজার ৬৯টি, তৃতীয় ধাপে ১২০টি উপজেলার ১ হাজার ২৪টি, চতুর্থ ধাপে ৯৬টি উপজেলার ৮১৩টি এবং পঞ্চম ধাপে ৪০টি উপজেলার ৩৮৪টি ইউনিয়ন পরিষদে ভোট নেওয়া হবে।

ইসির পরিকল্পনা অনুযায়ী, প্রথম ধাপের ভোট হবে ২০২৭ সালের ২১ জানুয়ারি, দ্বিতীয় ধাপে ৪ ফেব্রুয়ারি, তৃতীয় ধাপে ২৯ এপ্রিল, চতুর্থ ধাপে ১৩ মে এবং শেষ ধাপে ২৭ মে।